




প্রেস বিজ্ঞপ্তি

অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়

০১ নভেম্বর ২০২১



'Construction of Kewatkhal Bridge at Mymensingh' শীর্ষক প্রকল্পের জন্য বাংলাদেশ সরকার ও Asian Infrastructure Investment Bank (AIIB)'র মধ্যে ঋণচুক্তি স্বাক্ষর।



আজ ০১ নভেম্বর ২০২১ খ্রি. তারিখে 'Construction of Kewatkhal Bridge at Mymensingh' শীর্ষক প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে বাংলাদেশ সরকার ও AIIB এর মধ্যে ২৬০ (দুইশত ষাট) মিলিয়ন মার্কিন ডলারের ঋণচুক্তি স্বাক্ষরিত হয়। বাংলাদেশ সরকারের পক্ষে মিজি ফাতিমা ইয়াসমিন, সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয় এবং AIIB'র পক্ষে Mr. D.J. Pandian, Vice President, Investment Operations Region 1 ঋণচুক্তিতে স্বাক্ষর করেন।

বাংলাদেশ সাম্প্রতিক দশকে দুটি সামাজিক এবং অর্থনৈতিক অগ্রগতি সাধন করছে। এ অগ্রগতি অব্যাহত রাখতে এবং এর সুফল পেতে হলে যোগাযোগ ব্যবস্থার উন্নয়নের বিকল্প নাই। ব্রহ্মপুত্র নদের উপর বিদ্যমান শুলুগঞ্জ সেতুটি বর্তমানে এ অঞ্চলের সাথে রাজধানী ঢাকার যোগাযোগ রক্ষা করছে। প্রতিদিন অসংখ্য যানবাহন উক্ত সেতু দিয়ে অতিক্রম করে। ময়মনসিংহ বিভাগে অবস্থিত ০৩ (তিনি) টি বড় স্থলবন্দর দিয়ে প্রতিবছর ভারত থেকে আমদানীকৃত পাথর ও কয়লা এ সেতুর মাধ্যমেই দেশের বিভিন্ন অঞ্চলে পরিবহন করা হয়। যোগাযোগ ব্যবস্থার ক্ষেত্রে এ সেতুটি অপ্রতুল বিধায় সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের উদ্যোগে সড়ক ও জনপথ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নের জন্য প্রস্তুতি কেওয়াটখালি সেতু নির্মাণ প্রকল্প গ্রহণ করা হয়েছে। এ সেতু নির্মিত হলে তা বিদ্যমান সেতুর ওপর যানবাহনের অতিরিক্ত চাপ কমাবে এবং ময়মনসিংহ বিভাগের বেশ কয়েকটি জেলা এবং সে অঞ্চলের স্থলবন্দর, ইপিজেড এবং অর্থনৈতিক অঞ্চলসমূহের সাথে রাজধানী ঢাকার সড়ক যোগাযোগ ব্যবস্থা সুগম করবে। এর ফলে নতুন নতুন বিনিয়োগ আকৃষ্ট হবে এবং অর্থনৈতিক উন্নয়নের দ্বার উন্মোচিত হবে। প্রকল্পটি জুলাই ২০২১ খ্রি: হতে জুন ২০২৫ মেয়াদে বাস্তবায়িত হবে।

প্রকল্পের আওতায় ময়মনসিংহে ব্রহ্মপুত্র নদের উপর ০১ টি স্টিল আর্চ ব্রিজ, ওভারপাস ও সংযোগ সড়ক নির্মাণ করা হবে। প্রকল্পটির অঙ্গভিত্তিক কার্যক্রমসমূহ হলো: (ক) ৩২০ মিটার দৈর্ঘ্যের ০১টি স্টিল আর্চ ব্রিজ নির্মাণ; (খ) ৭৮০ মিটার এপ্রোচ ব্রিজ নির্মাণ; (গ) ৫৫১ মিটার সড়ক ওভারপাস এবং ২৪০ মিটার রেলওয়ে ওভারপাস নির্মাণ (ঘ) এসএমভিটি লেন সহ ৪ লেনের ৬.২০ কিলোমিটার মহাসড়ক নির্মাণ এবং (ঙ) ১টি টেল প্লাজা নির্মাণ।



আলোচ্য প্রকল্পের জন্য AIIB হতে গৃহীত ঋণ ০৫ (পাঁচ) বছরের গ্রেস পিরিয়ডসহ ৩৩.৫ বছরে পরিশোধ করতে হবে। এ ঋণের জন্য ফ্রন্ট এন্ড ফি হিসেবে ০.২৫% এবং কমিটমেন্ট ফি হিসেবে অব্যায়িত অর্থের ওপর বাস্তবিক ০.২৫% পরিশোধ করতে হবে। এ ঋণের সুদের হার নির্ধারিত হবে 6 months Libor rate + Fixed Spread (1.50%) এর ভিত্তিতে।

Mahar
01.11.2021

কাওসার জাহান

উপসচিব

ফোন: ৯১৮০৮৭৬